3916

I - A159

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 847046

Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document,

Additional District Sub-Registrar
BURDWAN

4 JUN 2012

## শুভ দানপত্র দলিল

বর্ধমান থানার অন্তর্গত বর্ধমান পৌরসভার ১৪ নং ওয়ার্ডভুক্ত ছোট বালিডাঙ্গা মহল্যার সামিল ৩৮ নং জে. এল. ভুক্ত শাঁখারীপুকুর মৌজার সি. এস. ২৪৫, আর. এস. ৭৯৭, এল. আর. কৃঃ ৪৬৩/১ নং খতিয়ান ভুক্ত এল. আর. ১২৮৬ দাগের সমগ্র সম্পত্তির মোট পরিমান ০৪৫ শতক সমান ১৯৬০ বর্গফুট উক্ত ১৯৬০ বর্গফুটের মধ্যে আমার নিজ অংশে ৪৯০ বর্গফুট সমান সেটেলমেন্ট মাপে ০১২ শতক বাস্তু শ্রেণীভুক্ত সম্পত্তি মায় তদুপরিস্থিত

ক্রমশ

Anupam Chaudhury

Scanned with CamScanner

Nirmal Kusum Chaudhuri

১৫৯৯ বর্গফুট বিশিষ্ট দ্বিতল গৃহাদির মধ্যে নীচু তলে ৩৯৯.৭৫ ও দ্বিতলে ৩৯৯.৭৫ বর্গফুট অবিভক্ত গৃহাদির অংশ মায় মালিকানা ও দখল স্বত্ব হস্তান্তরের শুভ দানপত্র ।

দানকৃত তপশীলে বর্ণিত সম্পত্তি মায় তদুপরিস্থিত পুরাতন গৃহাদির সরকার নির্দ্ধারিত মূল্য ৫,৫৭,১৭০/- (পাঁচ লক্ষ সাতান্ন হাজার এক শত সত্তর) টাকা মাত্র।

দানপত্র গ্রহীতা ঃ- শ্রী অনুপম চৌধুরী,
পিতা- স্বর্গীয় শৈলজা চৌধুরী,
জাতি- ভারতীয়, ধর্ম্ম- হিন্দু, পেশা - চাকুরী,
সাকিম- ছোটনীলপুর রোড, পোঃ- শ্রীপল্লী, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস - বর্ধমান, জেলা- বর্ধমান।

দানপত্র দাতা ঃ- শ্রী নির্মল কুসুম চৌধুরী,
পিতা- স্বর্গীয় ষষ্টিদাস চৌধুরী, জাতি- ভারতীয়,
ধর্ম্ম- হিন্দু, পেশা - অবসরভোগী, সাকিম- ছোটনীলপুর রোড, পোঃ- শ্রীপল্লী, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস - বর্ধমান, জেলা- বর্ধমান।

Anupam Chowdhury

কস্য নিম্নের তপশীলে বর্ণিত রায়তী স্বত্বীয় স্থাবর 'বাস্তু' শ্রেনী ভূক্ত সম্পত্তি মায় তদুপরিস্থিত পুরাতন দ্বিতল গৃহাদির অবিভক্ত অংশ হস্তান্তরের শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে। আমি দানপত্র দাতা নিম্নের তপশীল বর্ণিত

ক্রমশ

Nirmal Kusum Chaudhuri

সম্পত্তির মালিক ও স্বত্ত্বাধিকারী হইতেছি। এখানে প্রকাশ করা প্রয়োজন যে তপশীলে বর্ণিত শাঁখারীপুকুর মৌজার সি. এস. ৪৪৯ ও ৪৫০ দাগের ৭.৫ কাঠা সম্পত্তির মালিক ও পূর্বাধিকারী ছিলেন জনৈক নৃসিংহ মুরারী কুন্ডু দীং উক্ত নৃসিংহ মুরারী কুন্ডুগন তপশীলে বর্ণিত সম্পত্তি অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বে ও অন্যের নিরাংশে ভোগ দখল করিয়া আসিতে থাকা কালিন তাঁহারা তপশীলে বর্ণিত সম্পত্তি বিক্রয়ের সোহরৎ দিলে বর্ধমান থানার অন্তর্গত জামালপুর থানার এলাকাধীন শ্রীকৃষ্ণপুর নিবাসিনী কমলাবালা দেবী স্বামী মহানন্দ চট্টোপাধ্যায় ও হুগলী জেলার অন্তর্গত ধনিয়াখালী থানার এলাকাধীন পিড়াতলী নিবাসিনী জনৈকা দুর্গেশনন্দিনী দেবী স্বামী মন্মথনাথ মুখোপাধ্যায় মহাশয়া গন তাহা লোক মুখে জ্ঞাত হইয়া তাঁহারা বিগত ইংরাজী ০৫/০৭/১৯৫১ মোতাবেক বাংলা ১৩৫৮ সালের ২০শে আষাঢ় তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত একখন্ড কোবালা দলিল মূলে উল্লিখিত সম্পত্তি খরিদ করিয়া খরিদা সূত্রে মালিক হয়েন যাহা বর্ধমান ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিসে ১৯৫১ সালের ১ নং বহির ৫৬ নং ভল্যুমে ৩ হইতে ৫ পাতায় ৪৮৯৪ নং কোবালা দলিল হিসাবে লিপিবদ্ধ আছে। উল্লিখিত কমলাবালা দেবী ও দুর্গেশনন্দিনী দেবী উক্ত ৪৮৯৪ নং কোবালা দলিল মূলে তপশীলে বর্ণিত শাঁখারী পুকুর মৌজার ৪৪৯ ও ৪৫০ দাগের মোট ৭.৫ কাঠা সম্পত্তি খরিদ করিয়া একলপ্তে একত্রে এজমালে ভোগ দখল করিয়া আসিতে থাকাকালীন তাঁহাদের অর্থাৎ কমলাবালা দেবী ও দুর্গেশনন্দিনী দেবীর নগদ অর্থের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় তাঁহারা তাঁহাদের খরিদা ৭.৫ কাঠা সম্পত্তি হইতে নির্দিষ্ট ভাবে চিহ্নিত ০৫ কাঠা সম্পত্তি বিক্রয়ের সোহরৎ দিলে আমাদের অর্থাৎ দানপত্র দাতার পিতা এবং

Anupam Chaudhury

ক্রমশ

Scanned with CamScanner

দানপত্র গ্রহীতার পিতামহ এক্ষণে মৃত ষষ্টিদাস চৌধুরী পিতা স্বর্গীয় শরৎচন্দ্র চৌধুরী মহাশয় তাহা লোক মুখে জানিতে পারিয়া তিনি বিগত ইংরাজী ২৪/০৩/১৯৫৬ মোতাবেক বাংলা ১৩৬৩ সালের ১০ই চৈত্র তারিখে একখন্ড কোবালা দলিল মূলে তপশীলে বর্ণিত শাঁখারী পুকুর মৌজার সি. এস. ৪৪৯ ও ৪৫০ দাগের সমগ্র ৭.৫ কাঠা সম্পত্তির মধ্যে একলপ্তে নির্দিষ্ট ও চিহ্নিত ০৫ কাঠা সম্পত্তি উল্লিখিত কমলাবালা দেবী ও দুর্গেশনন্দিনী দেবীর নিকট হইতে খরিদ করিয়া খরিদা সূত্রে মালিক হয়েন যাহা বর্ধমান ডিস্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিসের ১৯৫৬ সালের ১নং বহির ২৭ নং ভল্যুমে ২১৪৬ নং কোবালা দলিল হিসাবে লিপিবদ্ধ আছে। আমার পূর্বাধিকারী এক্ষণে মৃত ষষ্টিদাস চৌধুরী মহাশয় তপশীলে বর্ণিত ০৫ কাঠা সম্পত্তি খরিদ করিয়া ও সরকারী সেরেস্তায় তপশীলে বর্ণিত সম্পত্তির খাজনাদি আদায় দিয়া ভোগদখল করিতে থাকাকালীন বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট এর স্বত্ব লিপিতে শাঁখারীপুকুর মৌজায় ৪৪৯ দাগটি ৪৪৯/৮৮৬ বাটা দাগে পরিবর্ত্তিত হয়। আমাদের পূর্বাধিকারী উল্লিখিত ২১৪৬ নং কোবালা মূলে তপশীলে বর্ণিত সম্পত্তি ৪৪৯/৮৮৬ ও ৪৫০ দাগের সমগ্র সম্পত্তির মধ্যে ০৫ কাঠা সম্পত্তি খরিদ করিয়া অন্যের বিনা স্বত্ত্ব সংশ্রবে নির্বিবাদে অন্যের নিরাংশে নিব্যূঢ় স্বত্ত্বে প্রকাশ্যে ভোগ দখল করিয়া আসিতে থাকাকালীন তিনি অর্থাৎ দানপত্র দাতার পিতা ষষ্টিদাস চৌধুরী মহাশয়, চার পুত্র যথাক্রমে অম্লানকুসুম চৌধুরী, অম্বুজাভূষণ চৌধুরী ও আমি দানপত্র দাতা নির্ম্মল কুসুম চৌধুরী ও অত্র দানপত্র দলিলের দানপত্র গ্রহীতার পিতা এক্ষণে মৃত শৈলজা ভূষণ চৌধুরীকে এবং চার কন্যা যথাক্রমে কল্পনা চৌধুরী, চন্দনা চৌধুরী, কৃষ্ণা চৌধুরী ও বেবী চৌধুরী

ক্রমশ

Scanned with CamScanner

এবং স্ত্রী ধীরা চৌধুরীকে রাখিয়া পরলোক গমন করিলে আমি দানপত্র দাতা নির্ম্মল কুসুম চৌধুরী ও আমার অপর তিন ভ্রাতা যথাক্রমে শৈলজা ভূষণ চৌধুরী, অম্লানকুসুম চৌধুরী, অম্বুজাভূষণ চৌধুরী এবং আমাদের বিমাতা ধীরা চৌধুরী ও চার ভগ্নী যথাক্রমে কল্পনা চৌধুরী, চন্দনা চৌধুরী, কৃষ্ণা চৌধুরী ও বেবী চৌধুরী আমরা আমাদের পূর্বাধিকারী ষষ্টিদাস চৌধুরী মহাশয়ের ত্যক্ত নিম্নের তপশীলে বর্ণিত শাঁখারী পুকুর মৌজার সম্পত্তি সহ অন্যান্য যাবতীয় স্থাবর অস্থাবর সম্পত্তি নিজেদের মধ্যে চিহ্নিত সুরং বিভাগ বন্টন করিয়া লওয়ায় আমি দানপত্র দাতা ও আমার তিন সহোদর ভ্রাতা যথাক্রমে শৈলজা ভূষণ চৌধুরী, অম্লানকুসুম চৌধুরী, অম্বুজাভূষণ চৌধুরী তপশীলে বর্ণিত শাঁখারীপুকুর মৌজার ৪৪৯/৮৮৬ ও ৪৫০ দাগের সমগ্র সম্পত্তির মধ্যে একলপ্তে ফিজিক্যাল পজিশন অনুযায়ী ১৯৬০ বর্গফুট সমান কমবেশী ০৪৫ শতক সম্পত্তি মায় তদুপরিস্থিত ১৫৯৯ বর্গফুট বিশিষ্ট পুরাতন দ্বিতল গৃহাদি প্রত্যেকে তুল্যাংশে প্রাপ্ত হইয়া মালিক ও দখলকার হইয়াছি। উল্লিখিত সম্পত্তিতে আমরা ও আমাদের তিন ভ্রাতার প্রত্যেকের ১/৪ অংশের মালিকানা স্বত্ব বিদ্যমান থাকায় বর্তমান এল. আর. জরিফের স্বত্বলিপিতে আর. এস. ৪৪৯/৮৮৬ ও ৪৫০ দাগটি এল. আর. সেটেলমেন্টের স্বত্বলিপিতে একলপ্তে ১২৮৬ দাগ হিসাবে চিহ্নিত হইয়া ফ্যাইনালী পাবলিস হইয়াছে এবং দানপত্র দাতার অর্থাৎ আমার নামে এল. আর. কৃ ৪৬৩/১ নং খতিয়ানে ০১২ শতক ও অপর তিন ভ্রাতা যথাক্রমে শৈলজা ভূষণ চৌধুরী, অম্লানকুসুম চৌধুরী, অম্বুজাভূষণ চৌধুরীর নামে ভিন্ন ভিন্ন খতিয়ানে ০১১ শতক করিয়া পৃথক পৃথক খতিয়ানের অন্দরে রেকর্ড হইয়াছে এবং আমরা আমাদের পূর্বাধিকারীর

ক্রমশঃ

ত্যক্ত তপশীলে বর্ণিত এল. আর. ১২৮৬ দাগের ১৯৬০ বর্গফুট সম্পত্তি মায় তদুপরিস্থিত দ্বিতল গৃহাদি নিজ নিজ অংশ মোতাবেক একত্রে এজমালে ভোগদখল করিয়া আসিতে থাকা কালীন অত্র দানপত্র দলিলের দানপত্র গ্রহীতার পূর্বাধিকারী অর্থাৎ অত্র দানপত্র দলিল দাতার অর্থাৎ আমার ভ্রাতা শৈলজা ভূষণ চৌধুরী, মহাশয় অত্র দানপত্র দলিলের দানপত্র গ্রহীতাকে এবং তাহার মাতা স্ত্রী অঞ্জলী চৌধুরী ও ভগ্নী মধুছন্দা চক্রবর্ত্তীকে রাখিয়া পরলোক গমন করিলে এবং শৈলজা ভূষণ চৌধুরীর আর কোন ওয়ারিশন না থাকায় হিন্দু উত্তরাধিকার আইন মোতাবেক শৈলজা ভূষণ চৌধুরী মহাশয়ের ত্যক্ত তপশীলে বর্ণিত সম্পত্তির ১/৪ অংশ দানপত্র গ্রহীতা অনুপম চৌধুরী ও তাহার মাতা অঞ্জলী চৌধুরী ও ভগ্নী মধুছন্দা চক্রবর্ত্তী সম অংশে প্রাপ্ত হইয়া মালিক হয়েন এবং পরবর্তীকালে শৈলজা ভূষণ চৌধুরীর স্ত্রী অঞ্জলী চৌধুরী ও কন্যা মধুছন্দা চক্রবর্ত্তী তাহারা তাহাদের পূর্বাধিকারী শৈলজা ভূষণ চৌধুরীর ত্যক্ত তপশীলে বর্ণিত সমগ্র সম্পত্তির ১/১২ অংশ করিয়া ২/১২ অংশ অত্র দনপত্র দলিলের দানপত্র গ্রহীতা শ্রী অনুপম চৌধুরীকে দান করিয়া নিঃস্বত্ত্ববতী হয়েন। সে কারন বর্তমানে তপশীলে বর্ণিত দাগের সমগ্র সম্পত্তিতে আমার অর্থাৎ দানপত্র দাতার ১/৪ অংশ এবং আমার অপর ২ ভ্রাতা যথাক্রম অম্লানকুসুম চৌধুরী ১/৪ অংশ ও অম্বুজাভূষণ চৌধুরীর ১/৪ অংশ ও অনুপম চৌধুরীর অর্থাৎ দানপত্র গ্রহীতার ১/৪ অংশের মালিকানা স্বত্ব বিদ্যমান আছে এবং উক্ত সম্পত্তির উপরিস্থিত ১৫৯৯ বর্গফুট বিশিষ্ট অবিভক্ত দ্বিতল গৃহাদির নীচুতলে ও দ্বিতলে আমাদের উল্লিখিত অংশ মোতাবেক মালিকানা ও দখল স্বত্ত্ব বিদ্যমান থাকায় তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমাদের প্রত্যেকের হস্তান্তর যোগ্য উত্তম অপরাজেয় বৈধ স্বত্ত্ব ও ক্ষমতা বিদ্যমান আছে।

ক্রমশঃ

Nirmal Kusum Chowdhury

Anupam Chowdhury

তুমি দানপত্র গ্রহীতা আমার ভ্রাতুষপুত্র হইতেছ অর্থাৎ আমার ভ্রাতা এক্ষণে মৃত শৈলজা ভূষণ চৌধুরীর একমাত্র পুত্র হইতেছ। তুমি আমাকে যথেষ্ট যত্ন, ভক্তি ও শ্রদ্ধা করিয়া আসিতেছ, সেকারন আমিও তোমার প্রতি বিশেষ সন্তুষ্ট ও পরিতৃপ্ত। বর্তমানে আমি দানপত্র দাতা ও আমার পরিবার বর্গ পশ্চিমবঙ্গের বাহিরে বসবাস করি এবং কখন সখন বর্ধমান শহরে আসিলে তোমার গৃহে তোমার সহিত বসবাস করি। এক্ষনে নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি যাহা আমি আমার পিতার মৃত্যুর পর হিন্দু উত্তরাধিকার আইন মোতাবেক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া মালিক হইয়াছি এবং অপরাপর ভ্রাতাগনের সহিত একত্রে এজমালে উত্তম স্বত্বে ভোগ দখল করিতেছি তাহা স্নেহ প্রীতির নিদর্শন স্বরুপ আমি তোমাকে দান করিতে চাহিলে তুমি দানপত্র গ্রহীতা ও তপশীলে বর্ণিত সম্পত্তির ১/৪ অংশের মালিক ও দখলীকার থাকা হেতু সানন্দে আমার নিকট হইতে উক্তরূপ দান গ্রহন করিতে সম্মত হওয়ায় আমি দানপত্র দাতা আমি আমার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত তপশীলে বর্ণিত সমগ্র সম্পত্তি মায় গৃহাদির অবিভক্ত অংশ তোমাকে দান করিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার ও ঘোষণা করিতেছি যে, আমি দানপত্র দাতা অদ্য তারিখে তপশীলে বর্ণিত দাগের সমগ্র অবিভক্ত সম্পত্তি মায় গৃহাদিতে আমার অংশ মোতাবেক যে মালিকানা ও দখল স্বত্ব বিদ্যমান আছে তাহা অদ্য তারিখে নিব্যূঢ় স্বত্ত্বে নির্দায় ও নির্দোষ এবং নিস্কন্টক অবস্থায় নিম্নের স্বাক্ষরিত সাক্ষীগনের সম্মুখে দান করতঃ দখল অর্পন করিলাম। এক্ষনে দানকৃত সম্পত্তিতে আমার যাহা যাহা কিছু স্বত্ব স্বামীত্ব, আমূল মামুল দরবস্ত, হক্ হকুক ও লভ্য আদি যাহা ছিল বা আছে তাহা আমার নিকট হইতে চিরতরে লুপ্ত হইয়া দানপত্র গ্রহীতাকে অর্থাৎ তোমাকে বর্ত্তিল। তুমি দানপত্র

ক্রমশ

গ্রহীতা অদ্য হইতে তপশীলে বর্ণিত দানকৃত সম্পত্তির মালিক ও দখলকার হইয়া পুত্র পৌত্রাদি ক্রমে দান বিক্রয় সহ সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে ও নিরঙ্কুশ মালিকানা স্বত্ত্বে ভোগদখল পরিচালনে পরমসুখে ভোগদখল ও বিনিয়োগ করিতে থাক বা থাকিবে তাহাতে আমি বা আমার ওয়ারিশ ও স্থলবর্তীগন কস্মিনকালে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিতে পারিবে না এবং করিলেও তাহা সর্বদা সর্বক্ষেত্রে ও সর্ব আদালতে বাতিল ও অগ্রাহ্য হইবে এবং এই দানপত্র দলিলই চিরকাল বহাল ও বলবৎ থাকিবে।

আমি দানপত্র দাতা ইতিপূর্বে তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমার যে মালিকানা অর্জিত হইয়াছে তাহা আমি কোথাও বা কাহারও নিকট কোনভাবে হস্তান্তর করি নাই বা কোন প্রকার দায়বদ্ধ বা দায় সংযোগ করি নাই বরং ইহা সম্পূর্ণ নির্দায় ও নিষ্কন্টক অবস্থায় তোমাকে দান করতঃ দখল অর্পন করিলাম এবং তুমি দানপত্র গ্রহীতা আমার নিকট হইতে উক্তরূপ দান গ্রহন করিলে।

অত্র দানপত্র দলিলের বয়ানে বা ইহার তপশীলে ভবিষ্যতে কোন ভুলভ্রান্তি প্রকাশ পাইলে তজ্জন্য এই দান কার্য্য কোন ভাবে রদ রহিত বা বাতিল যোগ্য হইবে না। পরন্তু ঐসকল ভুল ভ্রান্তির স্থলে আবশ্যকীয় শব্দলিপি লিখিত থাকা বলিয়া গণ্য হইবে এবং অত্র দানপত্র দলিলই সর্বত্র বা সর্ববস্থায় বহাল ও বলবৎ থাকিবে। তথাপি যদি ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পায় তদাবস্থায় আমি দানপত্র দাতা বা আমার অবর্তমানে আমার অন্য ওয়ারিশ বা স্থলবর্তীগন তোমার নাম বরাবর অথবা তোমার ওয়ারিশ স্থলবর্তীগণের নাম বরাবর আবশ্যকীয় ভুল সংশোধনী দলিল করিয়া দিতে বদ্ধ ও বাধ্য রহিলাম ও রহিবে।

ক্রমশ

Nirmal Kusum Chaudhuri

Anupam Chaudhury

Scanned with CamScanner

অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তির সরকার নির্দ্ধারিত মূল্য ৫,৫৭,১৭০/ (পাঁচ লক্ষ সাতান্ন হাজার এক শত সত্তর) টাকা ধার্য্য হওয়ায় অত্র দানপত্র দলিলের স্ট্যাম্প ডিউটি ৩৩,৪৪০/ টাকা হইতেছে কিন্তু স্ট্যাম্প পেপারের অপ্রতুলতা হেতু অত্র দানপত্র দলিলটি ৫০০০/ টাকা স্ট্যাম্প পেপারে লিপিবদ্ধ হইল এবং বক্রী স্ট্যাম্প ডিউটি বাবদ ২৮,৪৫০/ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার বর্ধমান মেন ব্রাঞ্চ হইতে ব্যাঙ্কের চেক মারফৎ প্রদত্ত হইল যাহা অত্র দানপত্র দলিলের একাংশ হিসাবে গণ্য হইবে।

অত্রসহ পৃথক কাগজে একজন দাতা ও একজন গ্রহীতার ফটো সম্বলিত দশ আঙ্গুলের টিপছাপ প্রদত্ত হইল, যাহা অত্র দানপত্র দলিলের একাংশ হিসাবে গণ্য হইবে।

তুমি দানপত্র গ্রহীতা অতঃপর উপরিতন ভূমধ্যাধিকারী বি. এল. এন্ড এল. আর. ও. বর্ধমান সেরেস্তায় বা অন্য যে কোন সরকারী বা বেসরকারী অফিসাদিতে তুমি আমার বা আমার পূর্ববর্ত্তী মালিকগনের নাম খারিজ দাখিল মতে নিজ নাম পত্তন করতঃ খাজনাদি আদায় দিবে এবং বর্ধমান পৌরসভার রেটিং লিস্টে তুমি তোমার নিজ নাম পত্তন করতঃ পৌর ট্যাক্সাদি আদায় দিবে এবং তাহার জন্য আমার যাহাকিছু সম্মতি দিবার থাকে তাহা অত্র দলিল মূলে দিলাম এবং এই দলিলের স্বীকারোক্তি তদ্রুপ সম্মতি সূচক গণ্য হইবে।

এতদর্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে সরল অন্তঃকরণে এই দানপত্র দলিল পাঠ করাইয়া শুনিয়া ইহা আমার কথা ও নির্দ্দেশ মত মুসাবিদা ও টাইপকৃত হইয়াছে জানিয়া ও বুঝিয়া এবং ইহার মর্ম্ম ও ভাবী

ক্রমশঃ

Scanned with CamScanner

ফলাফল সম্যক অবগত থাকিয়া কাহারও দ্বারা কোনভাবে প্ররোচিত বা প্রভাবিত না হইয়া পরন্তু আমি স্বয়ং স্বতঃ প্রবৃত্ত হইয়া দানপত্র গ্রহীতার হিতার্থে অত্র দানপত্র দলিল সম্পাদন করিলাম। ইতি তাং বাংলা ১৪১৯ সালের ২১শে জ্যৈষ্ঠ, ইংরাজী ০৪/০৬/২০১২।

## :: তপশীল ::

জেলা-বর্ধমান, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস - বর্ধমান, বর্ধমান পৌরসভার ১৪ নং ওয়ার্ড ভুক্ত ছোট বালিডাঙ্গা মহল্ল্যার সামিল মৌজা- শাঁখারীপুকুর, জে. এল. নং ৩৮, খতিয়ান নং সি. এস. ২৪৫, আর. এস. ৭৯৭, এল. আর. কৃঃ ৪৬৩/১ দাগ নং আর. এস. ৪৪৯/৮৮৬ ও ৪৫০, একলপ্তে এল. আর. ১২৮৬, পরিমান ০৪৫ শতক সমান কমবেশী ১৯৬০ বর্গফুট উক্ত ১৯৬০ বর্গফুটের মধ্যে আমার নিজ অংশে ৪৯০ বর্গফুট সমান ০.৬৮০৫৫৬০০ কাঠা সম্পত্তি মায় তদুপরিস্থিত অবিভক্ত দ্বিতল গৃহের নীচুতলে ৩৯৯.৭৫ ও দ্বিতলের ৩৯৯.৭৫ বর্গফুট অবিভক্ত গৃহের মালিকানা ও দখল স্বত্ব অত্র দানপত্র দলিল মূলে দান করিয়া তাহার দখল অধিকার হস্তান্তর করিয়া নিঃস্বত্ব বান হইলাম।

*দানকৃত সম্পত্তির চৌহদ্দিঃ-*

| | |
|---|---|
| পূর্বে | - সুধাংশু চ্যাটার্জীর জায়গা |
| পশ্চিমে | - অনাদি কৃষ্ণার জায়গা |
| উত্তরে | - ৮ ফুট চওড়া রাস্তা |
| দক্ষিণে | - নিজ জায়গা ও কল্পনা চৌধুরী দীং এর জায়গা। |

ক্রমশ

Scanned with CamScanner

# হস্তাঙ্গুলির ছাপ পৃষ্ঠা

**গ্রহীতার বাম হস্ত**

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |

**গ্রহীতার দক্ষিণ হস্ত**

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |



Anupam Chowdhury

নাম

Anupam Chowdhury

স্বাক্ষর

**দাতা বাম হস্ত**

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |

**দাতা দক্ষিণ হস্ত**

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |



Nirmal Kusam Chowdhury

নাম

Nirmal Kusam Chowdhury

স্বাক্ষর

Scanned with CamScanner

(পৃঃ ১১)

Nirmal Kusum Chaudhuri

রায়তী স্বত্ত্বীয়, খাজনা হারাহারি। জমিদার পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বি. এল এন্ড এল . আর. ও বর্ধমান।

দ্রঃ - এই দলিলের ১০ পৃষ্ঠায় [illegible] ৬৪৯/৮৮৬ [illegible] ৩২০০ [illegible]

Nirmal Kusum Chaudhuri

ইসাদী-

১। Amlan Kusum Chaudhury.
S/o. Sasthi Das Chaudhury.
25, Chotonilpur Road.
P.O. Sripalli
Dist- Burdwan

২। প্রান্ত [illegible]
ছোটনীলপুর · শান্তিপাড়া ·
থানা ও জেলা · বর্দ্ধমান,

আমার দ্বারা মুসাবিদা করা হইল ঃ-
Ranajit Kumar Ganguli
(শ্রী রণজিৎ কুমার গাঙ্গুলী)
এ্যাডভোকেট
জেলা জজ আদালত বর্ধমান
এনরোলমেন্ট নং- WB/403/1973

Computerized by :
DP CENTRE Suraj Dev.
Howker's Market, Burdwan

Anupam Chaudhury

Scanned with CamScanner

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A.D.S.R. BURDWAN, District- Burdwan
**Signature / LTI Sheet of Serial No. 03916 / 2012, Deed No. (Book - I , 04159/2012)**

Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Nirmal Kusum Chowdhury Chotonilpur Road, Thana:-Barddhaman, P.O. :-Sripally ,District:-Burdwan, WEST BENGAL, India, |  04/06/2012 |  LTI 04/06/2012 | Nirmal Kusum Chowdhury 4/6/2012 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Nirmal Kusum Chowdhury Address -Chotonilpur Road, Thana:-Barddhaman, P.O. :-Sripally ,District:-Burdwan, WEST BENGAL, India, | Self |  04/06/2012 |  LTI 04/06/2012 | Nirmal Kusum Chowdhury |

**Name of Identifier of above Person(s)**
Amlan Kusum Chowdhury
25 Chotonilpur Road, Thana:-Barddhaman, P.O. :-Sripally ,District:-Burdwan, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Amlan Kusum Chowdhury
04/06/2012.

Additional District Sub-Registrar ★ Burdwan ★ P.S.+Dist. Burdwan

Anupam Chaudhury

(Prasanta Mukhopadhyay)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BURDWAN



Scanned with CamScanner

**Government Of West Bengal**
**Office Of the A.D.S.R. BURDWAN**
**District:-Burdwan**

**Endorsement For Deed Number : I - 04159 of 2012**
**(Serial No. 03916 of 2012)**

**On**

**Payment of Fees:**

**On 04/06/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(ii), 5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 6739.00/-, on 04/06/2012

( Under Article : A(1) = 6732/- ,E = 7/- on 04/06/2012 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-6,12,050/-

Certified that the required stamp duty of this document is Rs.- 36733 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 28450/- is paid, by the Bankers cheque number 396904, Bankers Cheque Date 01/06/2012, Bank Name State Bank of India, BURDWAN, received on 04/06/2012
2. Rs. 3300/- is paid, by the Bankers cheque number 397148, Bankers Cheque Date 04/06/2012, Bank Name State Bank of India, BURDWAN, received on 04/06/2012

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.54 hrs on :04/06/2012, at the Office of the A.D.S.R. BURDWAN by Sri Nirmal Kusum Chowdhury ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 04/06/2012 by

1. Sri Nirmal Kusum Chowdhury, Son of Late Sastidas Chowdhury , Chotonilpur Road, Thana:-Barddhaman, P.O. :-Sripally, District:-Burdwan, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Retired Person

**( Prasanta Mukhopadhyay )**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**



Scanned with CamScanner

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BURDWAN
District:-Burdwan

**Endorsement For Deed Number : I - 04159 of 2012**
**(Serial No. 03916 of 2012)**

Identified By Amlan Kusum Chowdhury, son of Late Sasti Das Chowdhury, 25 Chotonilpur Road, Thana:-Barddhaman, P.O. :-Sripally ,District:-Burdwan, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Others.

( Prasanta Mukhopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

Anupam Chowdhury

Additional District Sub-Registrar Burdwan P.S.+Dist. Burdwan

( Prasanta Mukhopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR



Scanned with CamScanner

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 18
Page from 1844 to 1860
being No 04159 for the year 2012.

Seal of the Additional District Sub Registrar, Burdwan, District Burdwan

(Prasanta Mukhopadhyay) 04-June-2012
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BURDWAN
West Bengal

Scanned with CamScanner